গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা জেলা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত "নৈতিকতা কমিটি'র ১ম ( জুলাই-সেপ্টেম্বর/২০২৪) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ মোস্তাক উদ্দীন
উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
সভার তারিখঃ ০৯/৯/২০২৪ খ্রি.
সময়ঃসকাল-১১.০০
স্থানঃ উপপরিচালকের কার্যালয় অফিস কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ঠ !"ক"তে সংযোজিত

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নির্দেশিকার নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থ বছরের যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা জেলা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম্-পরিকল্পনা বাস্তবায়নের "নৈতিকতা কমিটি'র ১ম (জুলাই-সেপ্টেম্বর/২০২৪) ত্রৈমাসিক সভা যুব উন্নয়ন অধিদপ্তরের খুলনা জেলা কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ মোস্তাক উদ্দীন এর সভাপতিত্বে অদ্য ০৯/৯/২০২৪খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণকারী সকল কমকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, ফোকাল পয়েন্ট জনাব মোঃ পারভেজ মোল্যা মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত নির্দেশিকা অনুযায়ী ২০২৪-২৫ অর্থ বছরের যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম্-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২৪-২৫ অর্থ্ বছরে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা সমূহকে মোট ৫০. নম্বরের উপরে মূল্যায়ন করবে। এ মূল্যায়ণ তিনটি ভাগে বিভক্ত। তিনটি ভাগের মধ্যে ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় ২২ নম্বর, ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নে ৮, এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে ২০ নম্বর সর্বমোট ৫০ নম্বর বরাদ্দ করা হয়েছে। তিনি আরও জানান,২০২৪-২৫ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম্-পরিকল্পনার কার্যক্রমসমূহের উপর মোট ১০ নম্বর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যোগ হবে।

০৩। অতপর তিনি ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম্-পরিকল্পনার ১ম কোর্য়াটারের কার্যক্রমসমূহের তালিকা ও বাস্তবায়ন অগ্রগতি কার্যপত্র অনুযায়ী সভায় উপস্থাপন করেন। কার্যপত্র অনুযায়ী ১ম কোয়ার্টারে কার্যক্রম সমূহের আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| নং | ২য় কোয়ার্টারে কার্যক্রম সমূহের নাম | আলোচনা/বিবরণ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম্-পরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহ নৈতিকতা কমিটির সভার আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। | প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১ টি করে মোট ৪ টি সভা আয়োজন করতে হবে। সে লক্ষ্যে যথাসময়ে ৪র্থ কোয়ার্টারের সভা করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ফোকাল পয়েন্ট |
| ২ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বান্তবায়ন | এ সভায় উপস্থাপিত বিষয় সমূহ সভার সিদ্ধান্ত অনুযায়ী ধারাবাহিকভবে বাস্তবায়ন করতে হবে। ২০২৪-২৫ অনুযায়ী কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে। | নৈতিকতা কমিটির ১ম সভায় ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহের বিপরীতে সংশ্লিষ্ট কার্যালয় সমূহ যথাযথ প্রমাণক সহ এ কার্যালয়ে প্রেরণ করবে। | ফোকাল পয়েন্ট/ডিপিসি/ সিঃপ্রঃ/উযুউক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণ সভা | যুব সংগঠনের প্রতিনিধি,প্রশিক্ষিত আত্মকর্মী,উদ্যোক্তা,যুব ঋণ গ্রহীতা,সংশ্লিষ্ঠ দাপ্তরিক প্রধান ও সুশীল সমাজের প্রতিনিধি সমন্বয়ে অংশীজন সভার আয়োজন পূর্বক তাদের মতামত গ্রহণ করা যেতে পারে। | প্রতি কোয়ার্টারে অন্তত ১ বার অংশীজনের সভা আয়োজন করা যেতে পারে। | ফোকাল পয়েন্ট |
| ৪ | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সদস্য সচিব সভায় জানান যে, যেহেতু জেলা পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের বরাদ্দ থাকে না সেহেতু প্রতি কোয়ার্টারে জেলা কার্যালয়ে মাসিক সমন্বয় সভার পর জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার প্রশিক্ষণের আয়োজন করা যায়। | অর্থ বছরের সুবিধাজনক সময়ে অন্তত দুইবার এ প্রশিক্ষনের আয়োজন করা যেতে পারে। | ফোকাল পয়েন্ট |
| ৫ | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | সদস্য সচিব সভায় জানান যে, কর্মপরিবেশ উন্নয়ন কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসৃত হচ্ছে। পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান আছে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে প্রমাণকসমুহ প্রস্তুত করার জন্য বলা হয়। | ফোকাল পয়েন্ট |
| ৬ | ২.১ ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় এ কার্যালয়ের ওয়েবপোর্টালে প্রকাশ করা হয়েছে। বাস্তবায়ন করা হয়েছে। | এ কার্যালয়ের ওয়েবপোর্টালে প্রকাশ করা হয়েছে মর্মে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ফোকাল পয়েন্ট |
| ৭ | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব বাজেটের আওতায় এ কার্যালয়ে এয়ার কন্ডিশন স্পটকোটেশনের মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত অনুযায়ী ক্রয় করা হয়েছে। | কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ফোকাল পয়েন্ট |
| ৮ | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন,কম্পিউটার,আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | এ জেলার আওতাধীন ডুমুরিয়া উপজেলায় ইমপ্যাক্ট প্রকল্প বাস্তবায়িত হয়েছে। প্রকল্প সমাপ্তি অন্তে যাবতিয় মালামাল জেলা কার্যালয়ে হস্তান্তরের সিদ্ধান্ত রয়েছে। | প্রকল্পের যাবতীয় মালামাল যথাযথ প্রক্রিয়ার হস্তান্তর সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| ৯ | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | জেলা কার্যালয়ের যানবাহন ও উপজেলা কার্যালয়ের মোটরসাইকেল এর যথাযথ সংরক্ষণ ও লগবহি লিপিবদ্ধ করণে তৎপর হতে হবে। | এ বিষয়ে স্ব স্ব দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ফোকাল পয়েন্ট/উযুউক |
| ১০ | ৩.২ সেবা গ্রহীতার মতামত গ্রহণ ও রেজিষ্টার সংরক্ষণ | জেলা কার্যালয়ে ও উপজেলা কার্যালয়ে সেবা গ্রহীতার মতামত গ্রহণের জন্য রেজিষ্টার এর ব্যবস্থা করতে হবে। | এ বিষয়ে স্ব স্ব দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ফোকাল পয়েন্ট/উযুউক |
| ১১ | ৩.৩ রূপসা উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিবিক্ষণ | রূপসা উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিবিক্ষণ করা হবে | জেলা কার্যালয়ের সহকারী পরিচালক(ঋণ) উপপরিচালকের পরামর্শ গ্রহণ করবেন। | ফোকাল পয়েন্ট/উযুউক |
| ১২ | ৩.৪ ফুলতলা উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিবিক্ষণ | ফুলতলা উপজেলার ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিবিক্ষণ করা হবে | জেলা কার্যালয়ের সহকারী পরিচালক(ঋণ) উপপরিচালকের পরামর্শ গ্রহণ করবেন। | ফোকাল পয়েন্ট/উযুউক |

০৪। পরিশেষে সভায় সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের কাযক্রমসমূহ বাস্তবায়নপূর্ব্বক যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/১০/২৪

(মোঃ মোস্তাক উদ্দীন)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা।

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৪৩.২২১.১৯- ১৮২৪

তারিখঃ ০৯/৯/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০২। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
০৩। সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
০৫। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৬। অফিস কপি

৯/৯/২৪

(মোঃ পারভেজ মোল্যা)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।

০৯/৯/২৪